দৈনিক বাংলা

তারিখ 09 NOV 1991
পৃষ্ঠা ৬ কলাম ২

40

ভিসির সভাপতিত্বে বৈঠক

# ভার্সিটিতে শান্তি রক্ষায় ছাত্রদল ছাত্রলীগ মতৈক্য

বিশ্ববিদ্যালয় রিপোর্টার : বিবদমান দুটি ছাত্র সংগঠন জাতীয়তাবাদী ছাত্রদল ও ছাত্রলীগ (শা–অ) ঢাকা বিশ্ববিদ্যালয়ে আপাততঃ কিছুদিন শান্তি বজায় রাখার ব্যাপারেমতৈক্যে পৌছেছে।

বৃহস্পতিবার ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের মধ্যস্থতায় অনুষ্ঠিত এক বৈঠকে এই দুই ছাত্র সংগঠনের নেতারা আশ্বাস দেন যে, পরীক্ষাগুলি সুষ্ঠুভাবে অনুষ্ঠানের স্বার্থে ক্যাম্পাসে যাতে শান্তিপূর্ণ পরিবেশ বজায় থাকে সেজন্যে তারা চেষ্টা করবেন। আগামী ১২ই নবেম্বর থকে মাষ্টার্স ও অনার্স, ফাইনালসহ বিভিন্ন বর্ষের পরীক্ষা পুনরায় শুরু হওয়ার কথা। গত ২৭শে

(শেষ পৃঃ ৮–এর কঃ দ্রঃ)

## ছাত্রলীগ মতৈক্য

(প্রথম পৃঃ পর)

অক্টোবরের রক্তাক্ত সংঘর্ষের পর এসব পরীক্ষা ৭ম বারের মতো স্থগিত ঘোষণা করতে হয়। ভাইস চ্যান্সেলর প্রফেসর মনিরুজ্জামান মিঞার সভাপতিত্বে অনুষ্ঠিত বৃহস্পতিবারের সভায় জাতীয়তাবাদী ছাত্রদলের নেতা খায়রুল কবীর খোকন, নাজিমউদ্দীন আলম, আলী আক্কাস নাদিম, শাহানশা খোন্দকার সোহেল এবং ছাত্রলীগ (শা–অ) নেতা অসীম কুমার উকিল, জাহাঙ্গীর সাত্তার টিংকু, কামরুজ্জামান আনসারী ও গোলাম মোস্তফা সুজন উপস্থিত ছিলেন। এছাড়াও উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রক্টর শাহাজাহান মিনা, সহকারী প্রক্টর আহমেদ, জামাল এবং এফ রহমান হলের প্রভোস্ট ডঃ হারুনর রশীদ।

সভায় বিস্তারিত আলোচনার পর ছাত্র নেতৃবৃন্দ মতৈক্যে পৌছান যে, আগামী সপ্তাহ থেকে ঘোষিত পরীক্ষসমূহ সুষ্ঠুভাবে অনুষ্ঠিত হওয়া বাঞ্ছনীয়। কারণ বার বার পরীক্ষা পেছানোর ফলে ছাত্র–ছাত্রীরা হতাশাগ্রস্ত হয়ে পড়ছে। ছাত্র নেতৃবৃন্দ ক্যাম্পাসে শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখার জন্য নিজ সংগঠনের কর্মীদের পরামর্শ দেবেন বলে ভাইস চ্যান্সেলরকে আশ্বাস দেন। ক্যাম্পাসের নিরাপত্তার স্বার্থে পুলিশী ব্যবস্থা আরও জোরদার করার জন্য তাঁরা ভাইস চ্যান্সেলরের প্রতি অনুরোধ জানান।

**ভার্সিটি আজ খুলছে : শিক্ষক ধর্মঘট চলবে**

এদিকে ১২ দিন অনির্ধারিতভাবে বন্ধ থাকার পর ঢাকা বিশ্ববিদ্যালয় আজ খুলছে। কিন্তু শিক্ষকরা ধর্মঘটে থাকার কারণে বিশ্ববিদ্যালয়ে কোন ক্লাস বা পরীক্ষা অনুষ্ঠিত হবে না বলে জানা গেছে। ক্যাম্পাসে সন্ত্রাস বন্ধের নিশ্চয়তা না পাওয়া পর্যন্ত ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ধর্মঘট চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত নিয়েছে।